গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা
www.mof.gov.bd.

**বিষয়ঃ অর্থ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে "নৈতিকতা কমিটি" সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আব্দুর রউফ তালুকদার<br>সচিব<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১৭/০৯/২০২০, বিকাল ৩.৩০ ঘটিকা |
| স্থান | : | মিনি কনফারেন্স রুম (১২ তলা), ভবন নম্বর-১১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০। |

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **পরিশিষ্ট-'ক'**

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি অর্থ বিভাগের সকল অনুবিভাগের কার্যক্রমে শুদ্ধাচার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। আলোচ্যসূচির বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| **ক্রমিক** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ** |
|---|---|---|
| ০১. | অর্থ বিভাগের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা কর্মকর্তা |
| ০২. | অর্থ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ এর ক্রমিক ৩-এ শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ ম্যানুয়াল প্রণয়ন/সংস্কার/হালানাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারির অংশ হিসেবে সার্বজনীন পেনশন ব্যবস্থা প্রবর্তনের কৌশলপত্র প্রণয়ন অন্তর্ভুক্ত করতে হবে। | যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা) |
| ০৩. | অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ কর্তৃক প্রকল্প/কর্মসূচী পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদন এবং তদানুযায়ী বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখায় প্রেরণ করবে। | অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ |
| ০৪. | সকল শাখা/অধিশাখা ও অধস্তন কার্যালয় পরিদর্শন করতে হবে এবং সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণ এবং শ্রেণী বিন্যাসকৃত নথি বিনষ্টকরে তার প্রমানক বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখায় প্রেরণ করবে। | সকল অনুবিভাগ/ অধিশাখা/শাখা ও যুগ্মসচিব (প্রশাসন) |
| ০৫. | অর্থ বিভাগের কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্যবিধি অনুসরণ করে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্ট করাসহ পরিষ্কার-পরিচ্ছন্নতার সার্বিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) |
| ০৬. | নিরীক্ষা ফার্মগুলোকে একই পদ্ধতিতে নিরীক্ষা প্রতিবেদনে স্বাক্ষর করতে হবে। | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল |
| ০৭. | অর্থ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ এর ত্রৈমাসিক ভিত্তিতে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় ও ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের শুদ্ধাচার বাস্তবায়ন অগ্রগতি যথাসময়ে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় ও ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এবং যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা) |

২। পরিশেষে, আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি নিজ নিজ জীবনে এবং দপ্তরে শুদ্ধাচার অনুশীলনের দিক নির্দেশনা দিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
২৪/০৯/২০২০
আব্দুর রউফ তালুকদার
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নম্বর: ০৭.০০.০০০০.০৩৩.০৫.০০৮.২০-১০২

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

**বিতরণঃ কার্যার্থে/(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। অতিরিক্ত সচিব (সকল)/ অতিরিক্ত সচিব ও মহাপরিচালক (মনিটরিং সেল)/ অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ।
০২। যুগ্মসচিব (সকল), অর্থ বিভাগ।
০৩। উপসচিব (সকল), অর্থ বিভাগ।
০৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) অর্থ বিভাগ।
০৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ-**

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। সিনিয়র সহকারি সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা।
০৩। অফিস কপি।

২৭/০৯/২০২০
মুন্সী আবদুল আহাদ
যুগ্মসচিব